দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

২৬

তারিখ 08 MAR 1989
পৃষ্ঠা 7 কলাম 6

৩৪

## শিক্ষকদের কর্তব্যবোধের প্রতি সচেতন হওয়ার আহবান

গাজীপুর, ৭ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)—শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষকদের দাবী দাওয়ার পাশাপাশি নিজেদের দায়িত্ব ও কর্তব্য বোধের প্রতি আরো সচেতন হওয়ার আহ্বান জানান। মন্ত্রী বলেন, ছাত্ররা শ্রেণী কক্ষের শিক্ষার পরিবর্তে প্রাইভেট পড়ার প্রতি ঝুঁকিয়া পড়িতেছে। এই প্রবণতা রোধ করিতে হইবে।

মন্ত্রী গত ১লা মার্চ গাজীপুরে কৃষি গবেষণা ইনষ্টিটিউট মিলনায়তনে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের গাজীপুর জেলা সম্মেলনে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ এ,কে,এম শহীদউল্লাহ সম্মেলনের উদ্বোধন এবং প্রস্তুতি কমিটির আহ্বায়ক হায়দার আলী মিয়া সভাপতিত্ব করেন। সম্মেলনে অধ্যাপক আয়েশা উদ্দীন ও মকবুল হোসেন ভূঞা যথাক্রমে ফেডারেশনের গাজীপুর জেলা শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হন। ইহাছাড়া শামছুল হক খানকে কোষাধ্যক্ষ এবং অধ্যাপক এম,এ বারীকে প্রচার সম্পাদক নির্বাচিত করিয়া ৩৫ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হইয়াছে।